# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৫০৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫২. দ্বিতীয় অনুচ্ছেদ - বৃষ্টির জন্য সালাত

### আরবী

وَعَن عُمَيْر مولى آبي اللَّحْم أَنَّهُ رَأَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَسْتَسْقِي عِنْدَ أَحْجَارِ الزَّيْتِ قَرِيبًا مِنَ الزَّوْرَاءِ قَائِمًا يَدْعُو يَسْتَسْقِي رَافِعًا يَدَيْهِ قِبَلَ وَجْهِهِ لَا يُجَاوِزُ بِهِمَا رَأْسَهُ. رَوَاهُ أَبُو دَاوُدَ وروى التِّرْمِذِيّ وَالنَّسَائِيّ نَحوه

### বাংলা

১৫০৪-[৮] ’উমায়র মাওলা আবূ লাহম (রাঃ)হতে বর্ণিত। তিনি একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ’আহজা-রুয্ যায়ত’ নামক জায়গার কাছে ’যাওরার’ নিকটবর্তী স্থানে বৃষ্টির জন্য দু’আ করতে দেখেছেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন দাঁড়িয়ে দু’হাত চেহারা পর্যন্ত উত্তোলন করে বৃষ্টির জন্য দু’আ করছিলেন; কিন্তু তাঁর হাত (উপরের দিকে) মাথা পার হয়ে যায়নি। (আবূ দাউদ, তিরমিযী ও নাসায়ী একইভাবে বর্ণনা করেছেন)[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১১৬৮, আত্ তিরমিযী ৫৫৭, নাসায়ী ১৫১৪, আহমাদ ২১৯৪৪, ইবনু হিব্বান ৮৭৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম আবূ হানীফাহ্ এ হাদীস হতে প্রমাণ করেন ইস্তিসক্বার সালাত (সালাত/নামায/নামাজ) সুন্নাহ না, কেননা এখানে সালাতের কথা উল্লেখ নেই। ইতিপূর্বে এর জবাব আলোচনা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56064

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন